# সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

## হাদিস নাম্বারঃ ১৬২৩

২৫/ হাজ্জ (হজ্জ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ২৫/৬৯. নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাওয়াফের সাত চক্কর পর দু’ রাক‘আত সালাত আদায় করেছেন।

بَاب صَلَّى النَّبِيُّ لِسُبُوعِهِ رَكْعَتَيْنِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ عَمْرٍو سَأَلْنَا ابْنَ عُمَرَأَيَقَعُ الرَّجُلُ عَلَى امْرَأَتِهِ فِي الْعُمْرَةِ قَبْلَ أَنْ يَطُوفَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ قَالَ قَدِمَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَطَافَ بِالْبَيْتِ سَبْعًا ثُمَّ صَلَّى خَلْفَ الْمَقَامِ رَكْعَتَيْنِ وَطَافَ بَيْنَ الصَّفَا وَالْمَرْوَةِ وَقَالَ (لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ اللهِ إِسْوَةٌ حَسَنَةٌ)

বাংলা

25/68 بَاب إِذَا وَقَفَ فِي الطَّوَافِ

২৫/৬৮. অধ্যায় : তাওয়াফ আরম্ভ করার পর থেমে গেলে।

وَقَالَ عَطَاءٌ فِيمَنْ يَطُوفُ فَتُقَامُ الصَّلاَةُ أَوْ يُدْفَعُ عَنْ مَكَانِهِ إِذَا سَلَّمَ يَرْجِعُ إِلَى حَيْثُ قُطِعَ عَلَيْهِ فَيَبْنِي وَيُذْكَرُ نَحْوُهُ عَنْ ابْنِ عُمَرَ وَعَبْدِ الرَّحْمٰنِ بْنِ أَبِي بَكْرٍ

’আত্বা (রহ.) বলেন, কেউ তাওয়াফ করার সময় সালাতের ইক্বামাত(ইকামত/একামত) দেয়া হলে অথবা কাউকে তার স্থান হতে হটিয়ে দেয়া হলে সালামের পর ঐ স্থান হতে তাওয়াফ আবার শুরু করবে যেখান হতে তা বন্ধ হয়েছিল। ইবনু ’উমার ও ’আবদুর রাহমান ইবনু আবূ বাকার (রাঃ) হতেও অনুরূপ উল্লেখ রয়েছে।

وَقَالَ نَافِعٌ كَانَ ابْنُ عُمَرَ يُصَلِّي لِكُلِّ سُبُوعٍ رَكْعَتَيْنِ وَقَالَ إِسْمَاعِيلُ بْنُ أُمَيَّةَ قُلْتُ لِلزُّهْرِيِّ إِنَّ عَطَاءً يَقُولُ تُجْزِئُهُ الْمَكْتُوبَةُ مِنْ رَكْعَتَيْ الطَّوَافِ فَقَالَ السُّنَّةُ أَفْضَلُ لَمْ يَطُفْ النَّبِيُّ  سُبُوعًا قَطُّ إِلاَّ صَلَّى رَكْعَتَيْنِ

নাফি’ (রহ.) বলেন, ইবনু ’উমার (রাঃ) প্রতি সাত চক্কর শেষে দু’ রাক’আত সালাত আদায় করতেন। ইসমা’ঈল ইবনু উমাইয়া (রহ.) বলেন, আমি যুহরীকে বললাম, ’আত্বা (রহ.) বলেন, তাওয়াফের দু’ রাক’আতের ক্ষেত্রে ফরজ সালাত আদায় করে নিলে তা যথেষ্ট হবে। তখন যুহরী (রহ.) বললেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম -এর তরীকা অবলম্বন করাই উত্তম, যতবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাওয়াফের সাত চক্কর পূর্ণ করেছেন, ততবার তার পর দু’ রাক’আত সালাত আদায় করেছেন।

---

১৬২৩. ’আমর (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা ইবনু ’উমার (রাঃ)-কে জিজ্ঞেস করলাম, ’উমরাহকারীর জন্য সাফা ও মারওয়া সা’য়ী করার পূর্বে স্ত্রী সহবাস বৈধ হবে কি? তিনি বললেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় উপনীত হয়ে সাত চক্করে বাইতুল্লাহর তাওয়াফ সমাপ্ত করে মাকামে ইবরাহীমের পিছনে দু’ রাক’আত সালাত আদায় করেন, অতঃপর সাফা ও মারওয়া সা’য়ী করেন। এরপর ইবনু ’উমার (রাঃ) তিলাওয়াত করেন, ’’তোমাদের জন্য আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর মধ্যে উত্তম আদর্শ রয়েছে’’- (আল-আহযাবঃ ২৩)। (৩৯৫) (আধুনিক প্রকাশনীঃ , ইসলামিক ফাউন্ডেশনঃ ১৫২২)

## English

Narrated `Amr:

We asked Ibn `Umar: "May a man have sexual relations with his wife during the Umra before performing Tawaf between Safa and Marwa?" He said, "Allah's Messenger (ﷺ) arrived (in Mecca) and circumambulated the Ka`ba seven times, then offered two rak`at behind Maqam Ibrahim (the station of Abraham), then performed Tawaf between Safa and Marwa." Ibn `Umar added, "Verily! In Allah's Apostle you have a good example."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ▯ বর্ণনাকারীঃ আমর ইবনু দ্বীনার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=25554

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন